নতুন দুই সদস্য পেল পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

স্টাফ করেসপনডেন্ট, এনার্জিনিউজবিডি ডটকম

প্রকাশিত: ডিসেম্বর ১৭, ২০১৬ শনিবার ১০:৪০ এএম BdST **ক্যাটাগরি:** নিউক্লিয়ার

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের দুইটি সদস্য পদে মো. মোজাম্মেল হক ও কাজী ওবায়দুল আউয়ালকে তিন বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দিয়েছে সরকার।

এই নিয়োগের মধ্যে দিয়ে পূর্ণাঙ্গ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গঠন হলো।

গত ১৫ ডিসেম্বর জনপ্রশাসন মন্ত্রণালয়ের পৃথক প্রজ্ঞাপনে তাদের এই নিয়োগ দেয়া হয়।

এতে বলা হয়, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের অবসরপ্রাপ্ত চেয়ারম্যান মো. মোজাম্মেল হক এবং অবসরপ্রাপ্ত প্রধান প্রকৌশলী কাজী ওবায়দুল আউয়ালকে অন্যান্য প্রতিষ্ঠান ও সংগঠনের সাথে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে যোগদানের তারিখ থেকে পরবর্তী তিন বছরের মেয়াদে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্য পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

এই নিয়োগের শর্তাবলি অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ রয়েছে।

২০১২ সালে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন হওয়ার পর এই কর্তৃপক্ষ গঠন করে সরকার। আইন অনুযায়ী একজন চেয়ারম্যান ও চারজন সদস্যের সমন্বয়ে কর্তৃপক্ষ গঠন হওয়ার কথা। কিন্তু এতোদিন একজন চেয়ারম্যান ও দুইজন সদস্য ছিলেন।

মূলত আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকার ২০০৯ সাল থেকে পাবনায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা গ্রহণ করার পর থেকে পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গঠনের বিষয়টিও আলোচনায় উঠে আসে।